# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এই নিষিদ্ধ কাজটি যেভাবে পালন করার বৈধতা রয়েছে, তার বিবরণ

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَتَقَدَّمَ الْمَرْءُ صِيَامَ رَمَضَانَ بِصَوْمِ يَوْمٍ أَوْ يَوْمَيْنِ مُبْتَدَأَيْنِ

আরবী

3584 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ أَبِي الْعِشْرِينَ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لَا تَقَدَّمُوا بَيْنَ يَدَيْ رَمَضَانَ بِيَوْمٍ ـ أَوْ يَوْمَيْنِ ـ إِلَّا رَجُلٌ كَانَ يصوم صياماً فليصمه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3584 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2023): ق.

বাংলা

৩৫৮৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা রমযানের একদিন বা দুইদিন আগে সিয়াম পালন করবে না। তবে যে ব্যক্তি নিয়মিত সিয়াম পালন করে (আর তার নিয়মিত পালনীয় সিয়ামটি ঐ দিন হয়ে যায়, তবে), সে যেন তা পালন করে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৬৫০; নাসাঈ: ৪/১৪৯; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৫; বাগাবী: ১৭১৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩১৫; আত তায়ালিসী: ২৩১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৩; মুসনাদ আহমাদ: ২/২৩৪; দারেমী: ২/৪; সহীহুল বুখারী: ১৯১৪; সহীহ মুসলিম: ১০৮২; তিরমিযী: ৬৮৫; তাহাবী: ২/৮৪; ইবনুল জারূদ: ৩৭৮; সুনান বাইহাকী: ৪/২০৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92919

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন